সংবাদ

তারিখ ২০ MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

# অসুস্থ শিক্ষার্থীদের পাশে দাঁড়াবে ইবির এফডিআরএফ

**প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়**

ইসলামী বিশ্ববিদ্যালয়ে মারণব্যাধি রোগে আক্রান্ত শিক্ষার্থীদের চিকিৎসা ব্যয়ে সহযোগিতা করতে পাশে দাড়াবে ফ্যাটাল ডিজিজ রিকভারি ফাইন্ডেশন (এফডিআরএফ)। গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের প্রেসকর্ণারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন এর উদ্যোক্তা প্রফেসর ড. শাহাজাহান মন্ডল।

সংবাদ সম্মেলনে তারা বলেন, প্রত্যেক বছর বিশ্ববিদ্যালয়ের ১৪ হাজার শিক্ষার্থীর অনেকে দুরারোগ্য রোগেরই এখন উন্নত চিকিৎসা রয়েছে। তাদের পাশে দাঁড়াতে এফডিআরআফ নামে একটি ফান্ড গঠনের উদ্যোগ নেয়া হয়েছে। প্রায় দুই মাস ধরে এ ফান্ড গঠনের পক্ষে জনমত তৈরি করতে গণস্বাক্ষর ও প্রচারণা চালানো হয়েছে। ফান্ডের নীতিমালাও চূড়ান্ত করা হয়েছে। এখন বিশ্ববিদ্যারয়ের সিন্ডিকেট সভায় অনুমোদনের মধ্য দিয়ে এর আনুষ্ঠানিকতা শুরু হওয়ার অপেক্ষায়। এ ফান্ডের অর্থ সংগ্রহের জন্য প্রত্যেক সেশনে শিক্ষার্থীরা ভর্তির সময় এই ফান্ডে ১০০ টাকা করে জমা দিবেন। এফডিআরএফ ফাউন্ডেশন বিশ্ববিদ্যালয়ের ভিসির নেতৃত্বে উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি কমিটি গঠন করা হবে। যেটি মরাণব্যাধি আক্রান্ত শিক্ষার্থীদের আর্থিক সহযোগিতা করা ও ফান্ড মনিটরিং করার বিষয়টি পর্যবেক্ষণ করবেন। আইন বিভাগের শিক্ষক প্রফেসর ড. শাহজাহান মন্ডল বলেন, বিশ্ববিদ্যালয়ের এফডিআরএফ ফাউন্ডেশন গঠনে সম্মতি জ্ঞাপনে দুই মাস ধরে প্রায় সাড়ে ছয় হাজার শিক্ষার্থীদের কাছে যেয়ে স্বাক্ষর নেয়া হয়েছে একই সাথে শতাধিক শিক্ষকের মতামত নেওয়া হয়েছে। স্বাক্ষর ও নীতিমালা সংবলিত কাগজপত্র ভিসি প্রফেসর ড. আবদুল হাকিমের কাছে অনুমোদনের জন্য তুলে দেওয়া হবে বলে তিনি জানান। সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর ড. রেবা মন্ডল, ড. গফুর গাজী, ইংরেজি বিভাগের শিক্ষক শোয়েব প্রমুখ। সংবাদ সম্মেলনে তারা উল্লেখ করেন মারণব্যাধির মধ্যে কিডনির সমস্যা, লিভার সিরোসিস, অস্থিমজ্জা প্রতিস্থাপন, হৃদ রোগ, সুষুম্না টিউমার, ব্রেইন টিউমারসহ মারণব্যাধি চিহ্নিত রোগে আক্রান্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আর্থিক সহযোগিতা করতে এফডিআরএফ নামে একটি ফাউন্ডেশন গঠন করা হয়েছে।